



## প্রেস বিজ্ঞপ্তি

### বরিশাল বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবন-১ সংলগ্ন গ্রাউন্ড ফ্লোরের সৌন্দর্যবর্ধন কাজের উদ্বোধন

বরিশাল বিশ্ববিদ্যালয়, ২১ এপ্রিল ২০২৪খ্রিঃ

বরিশাল বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবন-১ সংলগ্ন গ্রাউন্ড ফ্লোরের সৌন্দর্যবর্ধন কাজের উদ্বোধন করা হয়েছে। অদ্য ২১ এপ্রিল ২০২৪ তারিখ সকাল ১১:৩০ টায় এ কার্যক্রমের উদ্বোধন করেন উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ বদরুজ্জামান ভূঁইয়া। এসময় বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদের ডিন, রেজিস্ট্রার, শিক্ষক সমিতির সভাপতি, সাধারণ সম্পাদক, বিভাগীয় প্রধান, প্রভোস্ট, প্রক্টরসহ শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীরা উপস্থিত ছিলেন। উল্লেখ্য, অধ্যাপক ড. মোহাম্মদ বদরুজ্জামান ভূঁইয়া উপাচার্য হিসেবে বরিশাল বিশ্ববিদ্যালয়ে যোগদানের পরপরই ক্যাম্পাসের সৌন্দর্যবর্ধনের প্রতি জোর দেন এবং এ লক্ষ্যে তিনি নানা পদক্ষেপ গ্রহণ করেন। এরই ধারাবাহিকতায় বর্তমানে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসের সৌন্দর্যবর্ধনে বিভিন্ন কার্যক্রম চলমান রয়েছে। কার্যক্রমের অংশ হিসেবে সম্প্রতি বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবন-১ এর নিচ তলায় একটি দৃষ্টিনন্দন ফোয়ারা স্থাপন করা হয়েছে। এ বিষয়ে উপাচার্য মহোদয় বলেন, একটি পরিচ্ছন্ন সুন্দর ক্যাম্পাস শিক্ষার পরিবেশকে বিকশিত করে। ক্যাম্পাস যদি অপরিচ্ছন্ন হয়, অসুন্দর হয় সেখানে শিক্ষার পরিবেশ বিঘ্নিত হয়। বরিশাল বিশ্ববিদ্যালয়ে শিক্ষাবান্ধব পরিবেশ বজায় রাখার জন্য যা যা করার আমি তা করব। আমার লক্ষ্য হচ্ছে বরিশাল বিশ্ববিদ্যালয়ে শিক্ষা ও গবেষণার পরিবেশকে উন্নত করা এবং এ বিশ্ববিদ্যালয়টিকে সামনের দিকে এগিয়ে নেয়া।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস

বরিশাল বিশ্ববিদ্যালয়